**4 SEM FYUGP MINBNL4**

**2025**

( June )

BENGALI

( Minor )

Paper : MINBNL4

( ব্যবহারিক বাংলা ভাষা )

*Full Marks* : 60

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক**

১। এককথায় উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'বানানবিধি' কথাটির অর্থ কী?

(খ) বাংলা বানানবিধির সপক্ষে মত পোষণ করা একজন সাহিত্যিকের নাম বল।

(গ) সূচীপত্র/সূচিপত্র—বানানবিধি অনুযায়ী কোনটি শুদ্ধ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) বাংলা বানানের ক্ষেত্রে বানানবিধির প্রয়োজন কেন, বুঝিয়ে দাও।

(খ) বিদেশি শব্দের ক্ষেত্রে বাংলা বানানবিধি কী ধরণের প্রয়োগের কথা বলে, দু-চারটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বাংলা বানানবিধি অনুযায়ী শব্দের ব্যবহারের ক্ষেত্রে যে নিয়মগুলির উল্লেখ রয়েছে তার কিছু নিয়ম উদাহরণ সহকারে আলোচনা কর।

(খ) বাংলা বানানবিধির সৃষ্টির পেছনে যে ঐতিহাসিক প্রেক্ষাপট রয়েছে তার পরিচয় দাও।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) প্রতিবেদন কী?

(খ) বিজ্ঞাপনের যে কোনো একটি সুবিধার কথা উল্লেখ কর।

(গ) বৈদ্যুতিন মাধ্যমের একটি বৈশিষ্ট্যের উল্লেখ কর।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) বিজ্ঞাপনের ভাষা কেমন হওয়া উচিত তা সংক্ষেপে লেখ।

(খ) আধুনিক সমাজে গণমাধ্যমের গুরুত্ব কতটুকু সে সম্পর্কে সংক্ষেপে তোমার মতামত প্রকাশ কর।





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বর্তমান ব্যস্ত জীবনধারায় 'ফাস্টফুড' খাওয়ার যে প্রবণতা দেখা যায় সে সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত কর।

(খ) তোমার বিভাগে আগন্তুক 'ভাষা দিবস' উদ্‌যাপন অনুষ্ঠানে উপস্থিত থাকার আবেদন জানিয়ে একটি আমন্ত্রণ পত্রের নমুনা প্রস্তুত কর।

## তৃতীয় একক

৭। এককথায় উত্তর দাও (যে কোনো দুটি): ১×২=২

(ক) প্রুফ কী?

(খ) প্রুফ সংশোধন যিনি করেন তাকে কী বলে?

(গ) '#'—প্রুফ সংশোধনের সময় এই চিহ্নটির অর্থ কী?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) প্রুফ সংশোধনের ক্ষেত্রে কোন্ কোন্ বিষয়ের প্রতি নজর রাখা প্রয়োজন?

(খ) প্রুফ সংশোধনের কাজে ব্যবহৃত যে কোনো চারটি সাংকেতিক চিহ্নের উল্লেখ করে তার ব্যবহারবিধি তুলে ধর।

৯। প্রুফ সংশোধন কর : ৯

পাণ্ডুলিপি :

নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল অবলম্ব।
স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চুয়ত
বিকশিত ভাব-কদম্ব।

প্রুফ :

নিরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পলক-মুকুল-অবললম্ব।
সেদ-মকরন্দ বিন্দুবিন্দু চু য়ত
বিকশীত কদম্ব।

উক্ত প্রুফটি তুলে নিয়ে পাণ্ডুলিপির সঙ্গে মিলিয়ে চিহ্ন সহযোগে প্রুফ সংশোধন কর।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) অনুবাদ কী?

(খ) 'লক্ষ্য ভাষা' কাকে বলে?

(গ) বাংলা সাহিত্যে একটি অনূদিত গ্রন্থের নাম লেখ।

১১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) অনুবাদের মূল প্রকারভেদ কয়টি ও কী কী? এদের মধ্যে কী প্রভেদ রয়েছে তা সংক্ষেপে উল্লেখ কর।

(খ) অনুবাদের ক্ষেত্রে একজন অনুবাদকের যে দায়িত্বগুলি রয়েছে সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

১২। নিচের যে কোনো **একটি** অনুচ্ছেদের বাংলা অনুবাদ কর : ৯

(ক) Man cannot live alone. He wants persons with whom he can mix and converse freely, exchanging thoughts and ideas, hopes and fears. But everybody with whom we mix and converse is not a friend in the true





sense of term. Some gather round us only in our prosperity for their self-interest. There are certain individuals who close to surround us and remain in our company solely during times of prosperity, but they make distance in time of our misfortune.

(খ) মোৰ মনত আছে, প্ৰথমবাৰৰ বাবে যেতিয়া মই এইখন চহৰলৈ আহিছিলোঁ, বৰ্তমানৰ দৰে চাৰিওফালে বিশাল বিশাল অট্টালিকাবোৰ নাছিল। অৱশ্যেই, দুই-তিনি মহলীয়া কেবাটাও ঘৰ নিৰ্মিয়মান অৱস্থাত আছিল। অটোচালকজনে আমি কোৱা মতে নিৰ্দিষ্ট ঠিকনালৈ লৈ আহিছিল। পুৰণি কাঠৰ দুমহলীয়া ঘৰটোৱেই আমি বিচাৰি অহা ঠিকনাটো। প্ৰকাশৰ সৈতে মোৰ বিয়াৰ চাৰি মাহো হোৱা নাছিল তেতিয়া। প্ৰকাশৰ ট্ৰেন্সফাৰৰ খবৰটো পাই দেউতাই ফোনযোগে জনাইছিল যে চহৰখনত দেউতাৰ সম্পৰ্কীয় মোমায়েকৰ এটা ঘৰ আছে। এনেয়ে তাত কোনো নাথাকে এতিয়া। মাজে মাজে মোমায়েকে ব্যৱসায়ৰ কামত অহা-যোৱা কৰি থাকে। আমি দেউতাই দিয়া ঠিকনামতে দেউতাৰ সম্পৰ্কীয় মোমায়েক মানে ককাদেউতাৰ ঘৰখনলৈ দেখা কৰিবলৈ আহিছিলোঁ।

★★★